

এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

# সর্বোচ্চ পরীক্ষার্থী অনুপস্থিত ঢাকায়, সর্বনিম্ন চট্টগ্রামে

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১০ জুলাই ২০২৫, ১৫:১৭



ছবি: সংগৃহীত

২০২৫ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবারের পরীক্ষায় সবচেয়ে বেশি পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন ঢাকা শিক্ষা বোর্ডে, আর সবচেয়ে কম ছিলেন চট্টগ্রাম বোর্ডে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বৃহস্পতিবার (১০ জুলাই) বোর্ডওয়ারি ফল বিশ্লেষণ করে এসব তথ্য জানা গেছে। এবার গড় পাসের হার ৬৮.৪৫ শতাংশ, যা আগের বছরের ৮৩.০৪ শতাংশের তুলনায় অনেকটাই কম।

পরিসংখ্যানে দেখা গেছে, অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ছিল সবচেয়ে বেশি ঢাকা বোর্ডে—৩ হাজার ২৪৮ জন। এর পরেই রয়েছে দিনাজপুর বোর্ডে ২ হাজার ৮৩৩ জন, যশোরে ২ হাজার ৬৩৯ জন, রাজশাহীতে ২ হাজার ৪৮২ জন, কুমিল্লায় ২ হাজার ২৫১ জন, বরিশালে ১ হাজার ৭৭১ জন, ময়মনসিংহে ১ হাজার ৬০৩ জন এবং সিলেট বোর্ডে ৭৯৪ জন। সবচেয়ে কম অনুপস্থিত ছিল চট্টগ্রাম বোর্ডে—মোট ৬৪৫ জন।

এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হয় ১০ এপ্রিল এবং শেষ হয় ১৩ মে। নিয়মিত ও অনিয়মিত মিলে এবার মোট পরীক্ষার্থী ছিলেন ১৯ লাখ ২৮ হাজার ৯৭০ জন, যা ২০২৪ সালের তুলনায় প্রায় এক লাখ কম। এ বছর ফলাফল তৈরি করা হয়েছে ‘বাস্তব মূল্যায়ন’ নীতির ভিত্তিতে।

